# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.SC. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2012**

**SECOND YEAR**

**PHILOSOPHY (Honours)**

Date : 14/12/2012

Time : 11 am – 3 pm

Paper : III

Full Marks : 100

**(প্রতিটি বিভাগের জন্য আলাদা উত্তরপত্র ব্যবহার করো)**

## বিভাগ - ক

১। যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ [4×5]

ক) প্রত্যক্ষ জ্ঞান নয় কেন? প্লেটোকে অনুসরণ করে উত্তর দাও।

খ) প্লেটোর আকারবাদের বিরুদ্ধে অ্যারিস্টটল প্রদত্ত ‘তৃতীয় মানবের যুক্তি’ টি আলোচনা করো।

গ) অ্যারিস্টটলের অধিবিদ্যায় উল্লিখিত চারটি কারণকে কি মূলতঃ দুটি কারণে পর্যবসিত করা যায়?

ঘ) টমাস অ্যাকুইনাস ঈশ্বরের অস্তিত্বের সপক্ষে যে পাঁচটি যুক্তি দিয়েছিলেন সেগুলি কোন্ মৌলিক যুক্তির উপর প্রতিষ্ঠিত, আলোচনা করো।

ঙ) দেকার্তের মতে ‘স্পষ্টতা’ ও ‘বিবিক্ততা’ (প্রাঞ্জলতা) কাকে বলে?

চ) প্রত্যংশ বলতে স্পিনোজা কি বুঝিয়েছেন? তিনি কত ধরণের প্রত্যংশের উল্লেখ করেছেন?

ছ) স্পিনোজার সর্বেশ্বরবাদ কী?

জ) লাইবনিজের মতে, সহজাত ধারণা কী?

২। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ [2×15]

ক) ‘আমি চিন্তা করি অতএব আমি আছি’-- দেকার্ত এই সত্যে কীভাবে পৌঁছলেন? দেকার্তের এই অবস্থান কি সমর্থন কর? [8+7]

খ) লাইবনিজের চিদনুতত্ত্ব ব্যাখ্যা করো। এই তত্ত্বের সমালোচনাগুলি লেখ। [8+7]

গ) স্পিনোজার দর্শনে দ্রব্যের স্বরূপ আলোচনা করো। গুণ বলতে স্পিনোজা কি বুঝিয়েছেন? দ্রব্যের সাথে গুণের সম্পর্ক কি? [6+4+5]

ঘ) লাইবনিজ কিভাবে যৌক্তিক সত্য ও বস্তুঘটিত সত্যের মধ্যে পার্থক্য করেছেন? তিনি কি যৌক্তিক সত্যমূলক বচনগুলিকে বিশ্লেষক এবং বস্তুঘটিত সত্যমূলক বচনগুলিকে সংশ্লেষক বচন বলতে চেয়েছিলেন? [10+5]

## বিভাগ - খ

৩। যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ [4×5]

ক) আদর্শ নিরপেক্ষ বচন বলতে কী বোঝ?

খ) কোপিকে অনুসরণ করে, শ্রেণী সম্পর্কের বিশ্লেষণের মাধ্যমে বিভিন্ন আদর্শ আকারের নিরপেক্ষ বচনের ব্যাখ্যা দাও।

গ) আধুনিক যুক্তিবিজ্ঞানীরা বিপরীত বিরোধিতাকে একপ্রকার বিরোধিতা বলে স্বীকার করেন না কেন?

ঘ) আদর্শ আকারের নিরপেক্ষ ন্যায় কি?

ঙ) সাত্ত্বিকতা দোষ কাকে বলে? উদাহরণসহ ব্যাখ্যা কর।

চ) কপিকে অনুসরণ করে ‘কারণ’ পদটির বিভিন্ন অর্থগুলি ব্যাখ্যা করো।

ছ) মিল তাঁর পদ্ধতিগুলি সম্বন্ধে যে দুটি দাবী করেছিলেন সেগুলি কী কী?

জ) নির্ণায়ক পরীক্ষা কাকে বলে? উদাহরণ দাও।

৪। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ [2×15]

ক) যুক্তির বৈধতা ও অবৈধতা কিভাবে বচনের সত্যতা এবং মিথ্যাত্বের সহিত জড়িত তা আলোচনা করো। [15]

খ) i) নিম্নলিখিত যে কোন চারটি বাক্যকে আদর্শ আকারের নিরপেক্ষ বচনে রূপান্তরিত কর; তাদের বুলীয় লিপিতে ব্যক্ত কর এবং ভেনচিত্রে রূপান্তরিত কর ঃ [4×2]

a) যে সফল হতে চায় তাকে অবশ্যই কাজ করতে হবে।

b) কেবলমাত্র ভারতীয় নাগরিক ভোট দিতে পারবে।

c) সবাই প্রতিভাবান নয় যাদের প্রতিভাবান বলে মনে হয়।

d) কোন কিছুই একসঙ্গে মানুষ ও দেবতা নয়।

e) দয়ালু চিকিৎসক আছে।

ii) আধুনিক ভাষ্য অনুসারে FELAPTON এবং BRAMANTIP কেন বৈধ মূর্তি বলে পরিগণিত হয় না তা ব্যাখ্যা করো। [4]

iii) নিম্নলিখিত যুক্তিটির আকার নির্ণয় কর এবং বৈধ কি অবৈধ তা বিচার করো ঃ [3]

আগন্তুকটি হয় বোকা নয় ধূর্ত। সে ধূর্ত। সুতরাং সে বোকা নয়।

গ) মিলের অন্বয়-ব্যতিরেকী অথবা সহপরিবর্তন পদ্ধতিটিকে উদাহরণসহ ব্যাখ্যা করো। [15]

ঘ) i) নিম্নলিখিত অনুমানগুলিকে- (১) যুক্তি বিজ্ঞানের সম্মত আকারে পরিবর্তিত কর (২) সংস্থান ও মূর্তি নির্ণয় কর (৩) ভেন্ চিত্রের দ্বারা বৈধতা নিরূপণ কর এবং (৪) অবৈধ হলে কী দোষ ঘটেছে ব্যাখ্যা কর। [4×2]

a) যখনই আমি অসুবিধায় পড়ি, তখনই প্রার্থনা করি। যেহেতু আমি সর্বদাই অসুবিধাজর্জরিত, সুতরাং এমন দিন নেই যে আমি প্রার্থনা করি না।

b) জারোয়ারা অধার্মিক কারণ তারা আত্মসমালোচনা করে না; আর যারা আত্মসমালোচনা করে, তারাই ধার্মিক।

ii) প্রাকল্পিক-নিরপেক্ষ ন্যায় অনুমানের বৈধতার সূত্রগুলি কী কী? [4]

iii) প্রমাণ কর যে, একটি বৈধ নিরপেক্ষ ন্যায় অনুমানে 'A' বচন কেবলমাত্র প্রথম সংস্থানের সিদ্ধান্ত হতে পারে। [3]

## English Version

## Group – A

1. Answer **any four** questions : [4×5]

a) Why is perception not knowledge? Answer following Plato?

b) Discuss Aristotle's argument of the 'Third Man' against Plato's theory of Forms.

c) Can the four causes mentioned in Aristotle's metaphysics can be reduced into two?

d) Discuss the basic argument on which the five arguments for the existence of God, given by Thomas Aquinas, are based.

e) What are 'clarity' and 'distinctiveness', according to Descartes?

f) What does Spinoza mean by modes? How many kinds of modes were mentioned by him?

g) What is pantheism of Spinoza?

h) What is innate idea according to Leibnitz?

2. Answer **any two** questions : [2×15]

a) How does Descartes arrive at the truth : "Cogito ergo sum"? Do you support his position? [8+7]

b) Explain Leibnitz's Monadology. Write the criticisms against this theory. [8+7]

c) Discuss the nature of substance in Spinoza's philosophy. What does he mean by attribute? What is the relation between substance and its attributes? [6+4+5]

d) How does Leibnitz distinguish between 'truths of reason' and 'truths of fact'? Does he want to mean that the propositions of truths of reason are analytic and the propositions of truths of fact are synthetic propositions? [10+5]

## Group – B

3. Answer **any four** questions : [4×5]

a) What is standard-form categorical proposition?

b) Give, after Copi, an interpretation of different Standard form categorical propositions in terms of the relationship between Classes.

c) Why is contrariety not accepted as a kind of opposition by modern logicians?

d) What is standard-form categorical syllogism?

e) Explain and illustrate existential fallacy.

f) Explain after Copi, the different senses of the word 'cause'.

g) What are the two claims made by Mill about his methods?

h) What is crucial experiment? Give an example.

4. Answer **<u>any two</u>** questions : [2×15]

a) How is validity and invalidity related to truth and falsity of propositions? [15]

b) i) Reduce any four of the following sentences into standard form categorical propositions, express them in Boolean notations and represent them by means of Venn diagrams : [4×2]

a. He must work who wants to succeed.

b. Only citizens of India can vote.

c. All are not talented who seem so.

d. Nothing is both man and God.

e. There are kind doctors.

ii) Explain why FELAPTION and BRAMANTIP are not valid moods on the modern interpretation? [4]

iii) Identify the form and discuss the validity or invalidity of the following argument: [3]

The stranger is either a fool or a knave. He is a knave. Therefore he is not a fool.

c) Explain and illustrate Mill's formulation of either the joint method of Agreement and Difference or the Method of Concomitant Variation. [15]

d) 1) (1) Translate each of the following into standard form, (2) Name its figure and mood (3) test its validity by Venn diagram, and (4) If it is invalid, name the fallacy it commits : [4×2]

i) Whenever I am in trouble, I pray. Since I am always in trouble, hence, there is no such day when I do not pray.

ii) Jaroas are irreligious since they are not self-critical and those who are self-critical are religious.

2) What are the principles of validity for Hypothetical categorical Syllogisms? [4]

3) Prove that A proposition can be a conclusion only in the first figure of a valid categorical Syllogism. [3]